

🔳 আল-আনকাবৃত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯: ২৮

া আরবি মূল আয়াত:

وَ لُوطًا إِذ قَالَ لِقَومِهِ إِنَّكُم لَتَاتُونَ الفَاحِشَةَ مَا سَبَقَكُم بِهَا مِن اَحَدٍ مِّنَ العَلَمِينَ ﴿٢٨﴾

আর (স্মরণ কর) লৃত এর কথা, যখন সে তার কওমের লোকদেরকে বলেছিল, 'নিশ্চয় তোমরা এমন অশ্লীল কাজ কর, যা সৃষ্টিকুলের কেউ তোমাদের আগে করেনি'। — আল-বায়ান

স্মরণ কর লূতের কথা, যখন সে তার সম্প্রদায়কে বলেছিল- অবশ্যই তোমরা এমন এক অশ্লীল কাজ করছ যা তোমাদের পূর্বে বিশ্বজগতে কেউ করেনি। — তাইসিক্রল

স্মরণ কর লৃতের কথা, সে তার সম্প্রদায়কে বলেছিলঃ তোমরা এমন অশ্লীল কাজ করছো যা তোমাদের পূর্বে বিশ্বে কেহ করেনি। — মুজিবুর রহমান

And [mention] Lot, when he said to his people, "Indeed, you commit such immorality as no one has preceded you with from among the worlds. — Sahih International

২৮. আর স্মরণ করুন লুতের কথা, যখন তিনি তাঁর সম্প্রদায়কে বলেছিলেন, নিশ্চয় তোমরা এমন অশ্লীল কাজ করছ, যা তোমাদের আগে সৃষ্টিকুলের কেউ করেনি।

তাফসীরে জাকারিয়া

- (২৮) স্মরণ কর লূতের কথা, সে তার সম্প্রদায়কে বলেছিল, 'তোমরা তো এমন অশ্লীল কর্ম করছ,[1] যা তোমাদের পূর্বে বিশ্বে কেউ করেনি।
 - [1] এখানে অশ্লীল কর্ম বলতে সমকামিতা (পুরুষে-পুরুষে যৌন-মিলন)-কে বুঝানো হয়েছে। পৃথিবীর ইতিহাসে লৃত (আঃ)-এর জাতিই এ কাজ সর্বপ্রথম শুরু করেছিল; যেমন কুরআন তা স্পষ্ট করেছে।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3368

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন